

নাগরিক আইনসংকলনের ধারা ১৮৩৫, ১৮৩৫ক অনুযায়ী সম্মানিত পরিচর্যাকারিণীদের এবং পরিচর্যাকারীদের জন্য ক্ষতিপূরণের উপর বিজ্ঞপ্তি

অভিভাবকত্বের কাজ মূলত বিনামূল্যে (সম্মানিত অফিসের) কাজ হিসেবে পরিচালনা করা হয়। তবে পরিচর্যাকারিণী বা পরিচর্যাকারী হিসেবে খরচ, যেটা আপনার এই দায়িত্ব নেয়ার জন্য উদ্ভব হয়েছে তা ফেরত দেয়া যেতে পারে।

১. নাগরিক আইনসংকলনের ধারা ১৮৩৫ক অনুযায়ী গড়পড়তা ক্ষতিপূরণ

নাগরিক আইনের বইয়ের ধারা ১৮৩৫ক অনুযায়ী বর্তমানে এককালীন ব্যয় ভাতা হচ্ছে বাৎসরিক ৩৯৯, ০০ ইউরো। এই অঙ্ক দাবি করার ক্ষেত্রে দায়িত্ব নিয়োজিত নিম্ন আদালত বা পারিবারিক আদালতের কোন শাখায় জমা দিবেন না। পরিশোধ করা হবে বাৎসরিক ভাবে, প্রথমে পরিচর্যার দায়িত্ব নেয়ার এক বছর পর থেকে। আপনাকে এই বিষয়ে জানান হচ্ছে যে আপনার গড়পড়তা ক্ষতিপূরণের দাবী শেষ হয়ে যাবে যদি আপনার আবেদন পরের বছরের ৩১.০৩ তারিখের মধ্যে জমা না দেন। এটার একটা নির্দিষ্ট সময়সীমা আছে, এই সময়সীমা পেরিয়ে গেলে আপনি আপনার আর দাবি করতে পারবেন না।

উদাহরণ

পরিচর্যার সময় শেষ হয়েছে ১৫.০৮.২০০৯। আবেদন করার সময় হোল ৩১.০৩.২০১০ পর্যন্ত। আপনি আবেদনপত্র চাইলে পেতে পারেন। এই আবেদন আপনি কোন রকম বিধিবদ্ধ নিয়ম কানুন ছাড়াও সাধারণ ভাবে করতে পারেন।

২. নাগরিক আইনসংকলনের ধারা ১৮৩৫ অনুযায়ী খরচ পরিশোধ

যদি খরচের অঙ্ক ৩৯৯,০০ ইউরোর বেশি হয়, তবে আপনাকে এই খরচ বিস্তারিত ভাবে প্রমাণ করতে হবে (পরিদর্শনের দিন, যাতায়াতের খরচ, ফোনের খরচ, ঠিকানা সহ চিঠি পাঠানোর রশিদ ইত্যাদি)। নিজের গাড়ি ব্যবহার করলে যাতায়াতের জন্য প্রতি কিলোমিটারের জন্য ০.৩০ ইউরো ফেরত দেয়া হবে।

প্রত্যেকটি খরচের পরিশোধের দাবির সময়সীমা শেষ হয়ে যাবে, যদি আপনি খরচের ১৫ মাসের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছে অথবা নিম্নআদালত, পারিবারিকআদালতের দায়িত্বের বিভাগের কাছে দাবি না করেন।

৩. নির্বাচন বা পছন্দের অধিকার

এটা শুধুমাত্র গড়পড়তা - পৃথক ভাবে প্রমাণ ছাড়া - অথবা খরচ পরিশোধের জন্য আবেদন করা যেতে পারে। আপনি বেছে নিন একটি আপনার অনুকূলের বিকল্প। এই নির্বাচন বা বেছে নেয়া হচ্ছে বাধ্যবাধকতা।

৪. পরিশোধ পদ্ধতি

যদি সংশ্লিষ্ট ব্যক্তি সম্বলহীন হয়, তার বর্তমান আয় ওয়েলফেয়ার বেনিফিটের (কল্যাণ সুবিধার) নিচে হয় এবং কোন সম্পদ, যেটা কার্যকরী সম্পত্তির হিসেবের মধ্যে পরে না, তাহলে আপনার খরচ, আবেদনের মাধ্যমে প্রাদেশিক কোষাগার থেকে পূরণ করা হবে।

সংরক্ষিত সম্পদ সাধারণত ৫০০০ ইউরো ধরা হয়।

যদি সংশ্লিষ্ট ব্যক্তির যথেষ্ট আয় অথবা সম্পত্তি থাকে, তাহলে আপনার খরচপত্র প্রত্যেকটির ভিন্ন ভিন্ন প্রমাণ সহ (উপরে ২ নম্বরে দেয়া আছে) কোন আবেদন ছাড়া খরচের সাথে সাথে অবিলম্বে সংশ্লিষ্ট ব্যক্তির সম্পত্তি থেকে নিয়ে নিবেন। যদি আপনি গড়পড়তা ক্ষতিপূরণ পরিশোধের পদ্ধতি নির্বাচন করে

থাকেন (উপরের ১ নম্বর), এটা আপনি পরিচর্যার বছর পার হওয়ার পর ব্যক্তির সংশ্লিষ্ট সম্পত্তি থেকে নিয়ে নিবেন। তারপর এটা হিসাবরক্ষণের পদ্ধতিতে অথবা প্রতিবেদনের দ্বারা পরীক্ষা করা হবে।

৫. করদায়

আপনাকে পরিশোধ করা গড়পড়তা খরচের ক্ষতিপূরণ সাধারণত করদায়ের মধ্যে পরে না। একটি আয়কর তথ্য বিশেষভাবে বিবেচিত হতে পারে , যদি আপনি ছয়টি পরিচর্যার কাজ করেন এবং অন্যায় , উধারণ স্বরূপ কোন কাজের মাধ্যমে আয় করেন। বিস্তারিত তথ্যের জন্য আপনি অনুগ্রহ করে উপযুক্ত ট্যাক্স কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন ।